তারিখ 11 SEP 2018
পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

দৈনিক
আমাদের সময়

# মঠবাড়িয়ায় দুই বছর ধরে মাদ্রাসা শিক্ষক নিখোঁজ

মঠবাড়িয়া প্রতিনিধি •
পিরোজপুরের মঠবাড়িয়ায় দুই বছর ধরে একটি মাদ্রাসার শিক্ষক মো. মোস্তফা খলিফা রহস্যজনকভাবে কর্মস্থলে নিখোঁজ রয়েছেন। মদ্রাসায় হাজির হওয়ার জন্য কর্তৃপক্ষ ওই শিক্ষককে নয় দফা কারণ দর্শানো নোটিশ দিলেও কর্তৃপক্ষ কোনো জবাব পায়নি। জানা যায়, তার বেতন-ভাতাদিও বন্ধ রয়েছে। ওই শিক্ষক উপজেলার কাকড়াবুনিয়া বালিকা আলিম মাদ্রাসার এবতেদায়ি ক্বারী শাখার শিক্ষক মো. মোস্তফা খলিফা। তিনি উপজেলার কাকড়াবুনিয়া গ্রামের মৃত তোফেল খলিফার ছেলে।

মাদ্রাসা সূত্রে জানা যায়, কাকড়াবুনিয়া বালিকা আলিম মাদ্রাসার এবতেদায়ি শাখার ক্বারী শিক্ষক মো. মোস্তফা খলিফা ২০১৪ সালের আগস্ট মাস হতে রহস্যজনকভাবে প্রতিষ্ঠানে অনুপস্থিত রয়েছেন। এ ব্যাপারে পরিবারের সদস্যরাও তার বর্তমান অবস্থান সম্পর্কে কোনো তথ্য দিতে পারছেন না। মাদ্রাসা কর্তৃপক্ষ [illegible] ওই [illegible] দর্শানো [illegible] প্রদান করে। সর্বশেষ গত ১৮ জুলাই সংশ্লিষ্ট শিক্ষকের বরাবর কারণ দর্শানো নোটিশ দিলে তিনি বাড়িতে থাকেন না বলে তার পরিবার নোটিস ফেরত পাঠায়।

মাদ্রাসার পরিচালনা কমিটির সভাপতি নূর মোহাম্মদ নিখোঁজের বিষয়টি নিশ্চিত করে জানান, শিক্ষক মোস্তফা কর্তৃপক্ষকে না জানিয়ে দুই বছর ধরে আত্মগোপনে রয়েছেন। পরিবারের সদস্যরাও তার খোঁজ দিতে পারছেন না।

মাদ্রাসার অধ্যক্ষ মো. নুরুজ্জামান বলেন, তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়ার জন্য চিঠি দেওয়া হয়েছে। মঠবাড়িয়া থানার অফিসার ইনচার্জ খন্দকার মোস্তাফিজুর রহমান জানান, ওই নিখোঁজ শিক্ষকের পরিবার থেকে এ পর্যন্ত কোনো জিডি করা হয়নি।